তারিখ : 03 NOV 2016
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

কুড়িগ্রামে

# মাদ্রাসা অধ্যক্ষসহ ৭ ভুয়া জেডিসি পরীক্ষার্থীর দণ্ড

প্রতিনিধি, কুড়িগ্রাম

কুড়িগ্রাম জেলার নাগেশ্বরীতে জেডিসি পরীক্ষায় পয়ড়াডাঙ্গা আলিয়া কামিল মাদ্রাসার অধ্যক্ষসহ ভুয়া ৭ পরীক্ষার্থীকে ১ মাসের জেল দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। বুধবার দুপুরে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও নাগেশ্বরী উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু হায়াত মো. রহমতুল্লাহ এ রায় দেন।

জেডিসি পরীক্ষা কেন্দ্র সচিব আব্দুল হাকিম জানান, মাদ্রাসা বোর্ডের অধীনে বুধবার নাগেশ্বরী আলিয়া কামিল মাদ্রাসা কেন্দ্রে আকাঈদ ও ফিকাহ বিষয়ে জেডিসি পরীক্ষা চলছিল। এ সময় কেন্দ্রের ৪ নম্বর কক্ষে পয়ড়াডাঙ্গা আলিম মাদ্রাসার ৮ পরীক্ষার্থীকে সন্দেহ হলে তাদের আটক করে পুলিশ। তাদের জিজ্ঞাসাবাদ করে জানা যায় তারা সবাই ৯ম, ১০ম ও আলিম শ্রেণীর ছাত্র। মাদ্রাসা সুপার তাদের জেডিসি পরীক্ষার ফরম পূরণ করে জোর করে পরীক্ষা দিতে পাঠিয়েছেন। এ সময় এক পরীক্ষার্থী পালিয়ে গেলেও অধ্যক্ষসহ ৭ শিক্ষার্থীকে আটক করে পুলিশ। আটককৃতরা হলেন পয়ড়াডাঙ্গা আলিয়া কালিম মাদ্রাসার অধ্যক্ষ রহমতুল্লাহ ইকবাল, আলিম ১ম বর্ষের ছাত্র রবিউল আউয়াল, আলিম পরীক্ষার্থী ফরিদুল ইসলাম, মোকলেছুর রহমান, আল আমিন, দাখিল পরীক্ষার্থী আল আমিন হোসেন, ৯ম শ্রেণীর ছাত্র হাবিবুর রহমান ও উমর ফারুক।

আটককৃত মাদ্রাসার অধ্যক্ষ রহমতুল্লাহ ইকবাল স্বীকার করেন, মাদ্রাসাটির বিজ্ঞান বিভাগের অনুমোদন পেতে পরীক্ষার্থী এবং পাসের হার বাড়াতে এ অবৈধ পন্থা অবলম্বন করা হয়।

ঘটনার সত্যতা স্বীকার করে নাগেশ্বরী উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু হায়াত মো. রহমতুল্লাহ জানান, ঘটনাস্থলে এসে ভ্রাম্যমাণ আদালতে আটক ৮ জনকে এক মাসের করে জেল প্রদান করা হয়েছে।